# সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (SNAP)
# অনুমোদিত প্রতিনিধি অনুরোধের ফর্ম

**আপনি অন্ধ হলে বা আপনার গুরুতর দৃষ্টিশক্তির সমস্যা থাকলে এবং আপনার কোনও বিকল্প ফরম্যাটে আবেদনটি/ফর্মটি প্রয়োজন হলে, আপনি আপনার সামাজিক সেবা জেলাতে (Social Services District, SSD) তার জন্য অনুরোধ করতে পারেন। কী ধরনের ফরম্যাট রয়েছে সে সম্পর্কে আরো তথ্যের জন্য আপনার সামাজিক সেবা জেলার সাথে যোগাযোগ করুন অথবা www.otda.ny.gov ভিজিট করুন।**

**আপনি অন্ধ হলে বা আপনার গুরুতর দৃষ্টিশক্তির সমস্যা থাকলে, আপনি কি বিকল্প ফরম্যাটে লিখিত নোটিশ পেতে চান? ____ হ্যাঁ ____ না**

**হ্যাঁ হলে, আপনি যে ধরনের ফরম্যাটে পেতে চান তাতে টিক দিন: ___ বড় প্রিন্ট ___ ডেটা CD ___ অডিও CD ___ ব্রেইল, যদি আপনি নিশ্চিত করেন যে অন্য বিকল্প ফরম্যাটগুলির কোনওটি আপনার জন্য সমভাবে কার্যকর নয়।**

**আপনার যদি অন্য বাসস্থানের প্রয়োজন হয়, অনুগ্রহ করে আপনার সামাজিক পরিষেবা জেলার সাথে যোগাযোগ করুন।**

| | |
|---|---|
| আবেদনকারী/প্রাপকের নাম: | আবেদনকারীর ঠিকানা: |
| আবেদনকারী/প্রাপকের কেসের নম্বর: | |

**অনুমোদিত প্রতিনিধি** – আপনার পারিবারিক পরিস্থিতি সম্পর্কে জানে এমন কাউকে আপনি আপনার SNAP ভাতার জন্য **আবেদন** করার অনুমোদন দিতে পারেন। এছাড়াও আপনি কাউকে আপনার জন্য খাবার কিনতে আপনার SNAP বেনিফিট কার্ড ব্যবহার করার অনুমোদন দিতে পারেন। আপনি যদি এই উদ্দেশ্যগুলির যেকোনও একটির জন্য কাউকে অনুমোদন দিতে চান তবে আপনাকে অবশ্যই লিখিতভাবে এটি করতে হবে। এছাড়াও আপনি নিচে সেই ব্যক্তির নাম, ঠিকানা এবং ফোন নম্বর প্রদান করে এবং এই ফর্মের পরবর্তী পৃষ্ঠায় স্বাক্ষর করার মাধ্যমে তা।

| | |
|---|---|
| অনুমোদিত প্রতিনিধির নাম: | অনুমোদিত প্রতিনিধির ঠিকানা: |
| অনুমোদিত প্রতিনিধির ফোন নম্বর: | |

আমি উপরে আখ্যায়িত ব্যক্তিকে আমার প্রতিনিধি হিসেবে ভূমিকা পালন করার অনুমোদন দিচ্ছি, আমি নিচে টিক দেওয়া উদ্দেশ্যে এই অনুমোদন প্রত্যাহার করার আগে পর্যন্ত। আমি বুঝি যে আমি যদি নিচের কোনও ঘরে টিক না দেই, তাহলে আমার অনুমোদিত প্রতিনিধি ঘরের পাশে তালিকাবদ্ধ করা সকল কাজ সম্পাদনের জন্য অনুমোদিত হবে। আমি বুঝি যে আমি এই অনুমোদনের সকল বা কিছু অংশ যেকোনও সময়ে আমার স্থানীয় জেলায় লিখিত নোটিশ দিয়ে অপসারণ করতে পারি।

**অনুগ্রহ করে প্রযোজ্য বক্সে(গুলিতে) টিক চিহ্ন দিন**

☐ SNAP বেনিফিটের জন্য আবেদন
☐ আমার জন্য খাবার কিনতে আমার SNAP বেনিফিট (EBT কার্ড) ব্যবহার
☐ SNAP বেনিফিটের জন্য পুনরায় সার্টিফিকেশন
☐ উপরের সবগুলি

**SNAP পেনাল্টির সতর্কীকরণ –** আপনার SNAP আবেদনের সাথে সম্পর্কিত আপনার প্রদান করা যে কোনও তথ্য ফেডারেল, স্টেট এবং স্থানীয় কর্মকর্তাদের দ্বারা যাচাই করা হবে। কোনও তথ্য ভুল হলে, আপনাকে SNAP নাও দেওয়া হতে পারে। যদি আপনি জেনেশুনে ভুল তথ্য প্রদান করেন, যা সুবিধাবলীর যোগ্যতাকে বা বেনিফিটের পরিমাণকে প্রভাবিত করে, তাহলে ফৌজদারি আইনের অধীনে আপনার বিচার হতে পারে। প্রোবেশনের বা প্যারোলের কোনও শর্ত লঙ্ঘন করছে এমন কেউ বা কোনও ফেলোনির বিচার, হেফাজত বা আটক থাকা এড়াতে পালিয়ে বেড়াচ্ছে, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দ্বারা সক্রিয়ভাবে খোঁজা হচ্ছে এমন কেউ SNAP ভাতা পাওয়ার যোগ্য নয়।

## SNAP পেনাল্টির সতর্কীকরণ (চলছে)

যদি SNAP গৃহস্থালির কোনও সদস্য ইচ্ছাকৃত কর্মসূচি লঙ্ঘন (Intentional Program Violation, IPV) করেছে বলে প্রমাণ পাওয়া যায়, তাহলে সেই সদস্য SNAP সুবিধা থেকে নিম্নোক্ত সময়ের জন্য বঞ্চিত হবে:

- প্রথম SNAP-IPV-র জন্য 12 মাস;
- দ্বিতীয় SNAP-IPV-র জন্য 24 মাস;
- প্রথম SNAP-IPV-র জন্য 24 মাস, যার ভিত্তি হলো কোর্ট জানতে পেরেছে যে একটি নিয়ন্ত্রিত বস্তু বিক্রয় সংক্রান্ত লেনদেনে SNAP ভাতা ব্যবহার বা গ্রহণ করা হয়েছে। (অবৈধ ওষুধ বা নির্দিষ্ট কিছু ওষুধ যার জন্য ডাক্তারের প্রেসক্রিপশন প্রয়োজন।)
- 120 মাস যদি জানা যায় যে আপনি একই সাথে একাধিক SNAP ভাতা পাওয়ার জন্য আপনি কে বা আপনি কোথায় বাস করেন সেই ব্যাপারে একটি ভুয়া বিবৃতি প্রদান করেছেন, যদি না একটি তৃতীয় IPV-র জন্য স্থায়ীভাবে অযোগ্য হয়ে থাকেন।

পাশাপাশি, একটি কোর্ট যেকোনও ব্যক্তিতে বাড়তি 18 মাসের জন্য SNAP-এ অংশগ্রহণ করা থেকে নিষিদ্ধ করতে পারে।

একজন ব্যক্তিকে স্থায়ীভাবে অযোগ্য ঘোষিত করা:

- প্রথম SNAP-IPV; যার ভিত্তি হলো কোর্ট জানতে পেরেছে যে একটি আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ, বা বিস্ফোরক বিক্রয় সংক্রান্ত লেনদেনে SNAP ভাতা ব্যবহার বা গ্রহণ করা হয়েছে;
- প্রথম SNAP-IPV যার ভিত্তি হলো কোর্ট ব্যক্তিকে মোট 500 মার্কিন ডলার বা তার বেশি SNAP ভাতা ট্র্যাফিক করার জন্য দোষী সাব্যস্ত করেছে (ট্র্যাফিক করার মধ্যে রয়েছে অবৈধ ব্যবহার, হস্তান্তর, অধিগ্রহণ, পরিবর্তন বা আপনার কাছে SNAP অথোরাইজেশন কার্ড বা অ্যাক্সেস ডিভাইস পাওয়া যাওয়া);
- দ্বিতীয় SNAP-IPV; যার ভিত্তি হলো কোর্ট জানতে পেরেছে যে একটি নিয়ন্ত্রিত বস্তু বিক্রয় সংক্রান্ত লেনদেনে SNAP ভাতা ব্যবহার বা গ্রহণ করা হয়েছে। (অবৈধ মাদক বা এমন ঔষধ যার জন্য ডাক্তারের প্রেসক্রিপশন আবশ্যক);
- যেকোনও ধরনের তৃতীয় SNAP ইচ্ছাকৃত কর্মসূচি লঙ্ঘন।

জ্ঞাতসারে ব্যবহার, স্থানান্তর, অধিগ্রহণ, পরিবর্তন বা SNAP অনুমোদন কার্ড রাখা বা অ্যাক্সেস ডিভাইস রাখার অপরাধের জন্য দোষী সাব্যস্ত কোনও ব্যক্তির 20 বছরের কারাবাস বা 250,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা বা উভয় শাস্তি হতে পারে। এছাড়াও প্রযোজ্য ফেডারেল ও স্টেট আইনের অধীনে সেই ব্যক্তির বিচার হতে পারে।

আপনাকে SNAP এর জন্য অযোগ্য ধরা হতে পারে বা আপনি একটি IPV সম্পাদন করেছেন বলে ধরে নেওয়া হতে পারে যদি:

- আপনি যদি যোগ্য হওয়ার জন্য বা আরো বেশি ভাতা পাওয়ার জন্য একটি মিথ্যা বা বিভ্রান্তিকর বিবৃতি, বা মিথ্যা বর্ণনা প্রদান করেন, তথ্য গোপন করেন বা না জানান; বা
- ইচ্ছাকৃতভাবে পণ্যটি ফেলে দিয়ে এবং ডিপোজিট পরিমাণের জন্য কন্টেইনারটি ফেরত দিয়ে নগদ অর্থ পাওয়ার জন্য SNAP ভাতা ব্যবহার করে কোনও পণ্য ক্রয় করা; বা
- SNAP ভাতা, অনুমোদন কার্ড বা ইলেকট্রনিক্স বেনিফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) সিস্টেমের অংশ হিসেবে পুনরায় ব্যবহার করা যায় এমন নথির ব্যবহার, উপস্থাপনা, স্থানান্তর, অধিগ্রহণ, গ্রহণ, প্রক্রিয়াকরণ বা ট্র্যাফিক করার উদ্দেশ্যে এমন কোনও কাজ করা বা করার চেষ্টা করা যা ফেডারেল বা স্টেট আইন লঙ্ঘন করে।

পাশাপাশি, নিম্নোক্ত কাজ করার অনুমতি নেই, এবং এসব কাজের ফলে আপনাকে SNAP ভাতা পাওয়ার জন্য অযোগ্য গণ্য করা হতে পারে এবং/অথবা পেনাল্টি প্রদান করা হতে পারে, যেমন:

- কার্ডের মালিকের অনুমতি ছাড়া আপনার নয় এমন EBT কার্ড ব্যবহার করা বা আপনার কাছে পাওয়া যাওয়া।
- SNAP ভাতা ব্যবহার করে খাদ্য নয় এমন পণ্য ক্রয় করা , যেমন অ্যালকোহোল বা সিগারেট, বা পূর্বে ক্রেডিট দিয়ে ক্রয় করা খাদ্যের মূল্য পরিশোধ করা; বা
- নগদ অর্থ, আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ বা বিস্ফোরক, বা মাদকের বিনিময়ে অন্য কাউকে আপনার ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার (EBT) কার্ড ব্যবহার করতে দেওয়া, অথবা যারা SNAP গৃহস্থালির সদস্য নয় এমন ব্যক্তির জন্য খাদ্য ক্রয় করা।

**দ্রষ্টব্য:** আবেদনকারী এবং/অথবা অনুমোদিত প্রতিনিধি উভয়কেই উপরের পেনাল্টি প্রদান করা হবে।

| **আবেদনকারীর স্বাক্ষর:** | **তারিখ** |
|---|---|
| | |

একজন অনুমোদিত প্রতিনিধি হিসেবে, আমি উপরে প্রদত্ত তথ্যের স্বীকৃতি দিচ্ছি।

| **অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর:** | **তারিখ** |
|---|---|
| | |